

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
অগ্নি শাখা-১  
[www.moha.gov.bd](http://www.moha.gov.bd)

স্মারক নং-৪৪.০০.০০০০.১৮৩.৪৬.০০১.২১(অংশ-১)-১১৬

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২  
০১ এপ্রিল ২০২৬

বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের রাজস্ব খাতে ০২টি ক্যাটাগরিতে ১৩ (তের)টি পদে সরাসরি জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্র: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১৫.০০৩.১৬(পার্ট-১)-৩৬২২, তারিখ: ৩০/০৩/২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ১০% পদ সংরক্ষিত রেখে বর্ণিত শর্ত সাপেক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত ০২টি ক্যাটাগরির নিম্নবর্ণিত ১৩ (তের)টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

ক্রম	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	মঞ্জুরিকৃত মোট পদ সংখ্যা	পূরণকৃত পদ সংখ্যা	শূন্য পদ	ইতোপূর্বে ১০% হিসেবে সংরক্ষিত পদ সংখ্যা	সরাসরি নিয়োগের জন্য ছাড়পত্র প্রদানযোগ্য পদ	১০% হিসেবে সংরক্ষিত পদ সংখ্যা	সরাসরি নিয়োগের জন্য ছাড়পত্র প্রদানকৃত পদ	মন্তব্য
১.	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতন স্কেল- ৯৩০০-২২৪৯০/, গ্রেড-১৬	১৩৬	১২৫	১১	১০% হিসেবে ০১টি	১০	০১	০৯	
২.	অফিস সহায়ক বেতন স্কেল- ৮২৫০-২০০১০/-, গ্রেড-২০	১১৭	১১৩	০৪	-	০৪	-	০৪	
সর্বমোট=		-	-	-	-	১৪	০১	১৩	

**শর্তসমূহ:**

- উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকলে বা কোনো রিট/মামলা বিচারাধীন থাকলে বা কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকলে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি মোতাবেক ছাড়পত্র প্রদানকৃত শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরিকৃত ও শূন্য পদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সে ক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;
- অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণির পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০২১খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০-২৪৯ নম্বর পরিপত্র অনুযায়ী এ ছাড়পত্রের বৈধতার মেয়াদ ২৮/০৩/২০২৭ খ্রি. পর্যন্ত বহাল থাকবে। উক্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে;



- (ঙ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগ বিধি, শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;
- (চ) ছাড়পত্র প্রদানকৃত পদসমূহ পূরণ করার পরবর্তী ১৫ দিনের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অগ্নি-১ শাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষকে অবহিত করতে হবে;
- (ছ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণের বিষয়ে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ পরিপত্র অনুসরণ করতে হবে।

স্বাঃ/-  
আছমা-উল-হোসনা  
সিনিয়র সহকারী সচিব(প্রতিকল্প)  
ফোন : ০২২৩৩৫৪৭১১  
ই-মেইল: [fire1@moha.gov.bd](mailto:fire1@moha.gov.bd)

মহাপরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
ঢাকা।

স্মারক নং-৪৪.০০.০০০০.১৮৩.৪৬.০০১.২১-১১৬/১(৯)

তারিখ : ১৮ চৈত্র ১৪৩২  
০১ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও গবেষণা কোষ, সওব্য অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। অফিস কপি/মাস্টার কপি।

স্বাঃ/-  
আছমা-উল-হোসনা  
সিনিয়র সহকারী সচিব